গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৮.১৯/ ৮৭ তারিখ: ১৮ জুলাই, ২০২৪ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-১১/২০২৪**

**বিষয়ঃ আমদানিতব্য Wi-Fi Router Adaptor (9.0 Volt) নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Welcome Trading এর ০১/১১/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Welcome Trading নামক প্রতিষ্ঠান Wi-Fi Router Adaptor (9.0 Volt) নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Welcome Trading |
| আবেদনকারীর ঠিকানা | 60, Loyal Street, Patuatuly, Dhaka-1100. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Wi-Fi Router Adaptor (9.0 Volt) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Solid Form |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | China |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 8504.50.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Wi-Fi Router Adaptor (9.0 Volt) নামক পণ্যটি Solid Form প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক কর্তৃক প্রদত্ত পণ্যের ক্যাটালগ ও ক্যাটালগে প্রদত্ত মডেলগুলো পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য পণ্যগুলোর Commercial Name হলো Wi-Fi Router Adaptor (9.0 Volt)। আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত এইসএস কোড 8504.50.00।

Explanatory Notes এর হেডিং 85.04 অনুযায়ী ব্যাখ্যা নিম্নরুপ:

The apparatus of this group are used to convert electrical energy in order to adapt it for further use. They incorporate converting elements (e.g., valves) of different types. They may also incorporate various auxiliary devices (e.g., transformers, induction coils, resistors, command regulators, etc.). Their operation is based on the principle that the converting elements act alternately as conductors and non-conductors.

The fact that these apparatus often incorporate auxiliary circuits to regulate the voltage of the emerging current does not affect their classification in this group, nor does the fact that they are sometimes referred to as voltage or current regulators.

This group includes:

(A) Rectifiers by which alternating current (single or polyphase) is converted to direct current, generally accompanied by a voltage change.

(B) Inverters by which direct current is converted to alternating current.

(C) Alternating current converters and cycle converters by which alternating current (single or polyphase) is converted to a different frequency or voltage.

(D) Direct current converters by which direct current is converted to a different voltage.

আমদানিতব্য পন্যটির নমুনা পর্যালোচনা করে দেখা যায়, এটি Round Pin Wi-Fi Router Adaptor যার ভোল্টেজ ও কারেন্ট রেটিং যথাক্রমে 9.0V ও 0.6A অর্থাৎ 5.4VA.

বর্ণিতবস্থায়, BCT এবং Explanatory Notes এর উপর্যুক্ত ব্যাখ্যা ও সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য পণ্যটি H.S. Code-8504.40.90 এ শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৮.০৭.২০২৪
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৮.১৯/ ৮৭ তারিখ: ১৮ জুলাই, ২০২৪ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭। ব্যবস্থাপনা পরিচালক, Welcome Trading, 60, Loyal Street, Patuatuly, Dhaka-1100.

তানভীর আহমেদ ১৮/৭/২৪
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com